

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
শাখা-০৬ (কল্যাণ)
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০০৬.০৩৭.২০১৪-২৬৫

তারিখঃ ১১/০৮/২০১৪ খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা আশ্রয়ী সকল অনাবাসী বাংলাদেশীদের নিকট হতে নিম্নবর্ণিত ক্যাটাগরিসমূহে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসী বাংলাদেশী), ২০১৫ নির্বাচিত হওয়ার জন্য এ মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে -

ক্রম	ক্যাটাগরি	সংখ্যা	নির্বাচনের যোগ্যতা
০১.	বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী অনাবাসী বাংলাদেশী - সিআইপি (এনআরবি) - শিল্পখাতে বিনিয়োগকারী	সর্বোচ্চ ১০ জন	<ul style="list-style-type: none">২০১৩-১৪ অর্থ বৎসরে অনাবাসী বাংলাদেশী কর্তৃক বাংলাদেশের শিল্পখাতে বিনিয়োগের পরিমাণ;শিল্পখাতে মূলধন হিসেবে ৫ (পাঁচ) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বা তদুর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা বিনিয়োগ এবংশিল্প প্রতিষ্ঠানটি বাস্তবায়নাব্যয়ী হলে যন্ত্রপাতি প্রেরণের প্রমাণপত্র; যেমন - বিল অব ল্যান্ডিং, বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদিতে উল্লেখিত বৈদেশিক মুদ্রার লেনদেনের পরিমাণ।
০২.	বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী অনাবাসী বাংলাদেশী - সিআইপি (এনআরবি) - বৈদেশিক মুদ্রা প্রেরণকারী	সর্বোচ্চ ১০ জন	<ul style="list-style-type: none">২০১৩-১৪ অর্থ বৎসরে বাংলাদেশের ব্যাংকে বৈধ ব্যাংকিং চ্যানেলে প্রেরিত অপ্রত্যাভাসনযোগ্য বৈদেশিক মুদ্রার পরিমাণ এবংঅপ্রত্যাভাসনযোগ্য ন্যূনতম ১.৫ লক্ষ (এক লক্ষ পঞ্চাশ হাজার) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা বৈধ ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে বাংলাদেশে প্রেরণ।
০৩.	বিদেশে বাংলাদেশী পণ্যের আমদানিকারক অনাবাসী বাংলাদেশী - সিআইপি (এনআরবি) - আমদানিকারক	সর্বোচ্চ ০৫ জন	<ul style="list-style-type: none">২০১৩-১৪ অর্থ বৎসরে অনাবাসী বাংলাদেশী কর্তৃক বাংলাদেশ হতে কি পরিমাণ অর্থের পণ্য আমদানি করা হয়েছে তার পরিমাণ বিবেচ্য বৎসরে ন্যূনতম ৫ (পাঁচ) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রার Free On Board (FOB) বাংলাদেশী পণ্য আমদানি করতে হবে এবংপিআরসি (Proceeds Realisation Certificate) এর মাধ্যমে আমদানির পরিমাণ [অধিক মূল্য সংযোজন সম্পন্ন পণ্য (Higher Value Added Product) ও পণ্য আমদানিকারককে অগ্রাধিকার প্রদান করা হবে]


খ. আবেদনপত্রের সাথে বিদেশস্থ সংশ্লিষ্ট বাংলাদেশ মিশন/দূতাবাসের ছাড়পত্র/মতামত সংযুক্ত থাকতে হবে।

গ. আবেদনকারী দেশে বা বিদেশে ঋণখেলাপী হলে অথবা বৈদেশিক ক্রেতার সাথে তার বাণিজ্য বিরোধ থাকলে এবং আবেদনকারী উক্ত বিরোধ সমাধানে আশ্রয়ী না হলে বা দীর্ঘসূত্রতার পন্থা অবলম্বন করলে অথবা আবেদনকারী আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হলে ও সাজা ভোগের পর পাঁচ বৎসর সময় অতিবাহিত না হলে কিংবা অন্য কোন কারণে অবাঞ্ছিত ব্যক্তি বিবেচিত হলে অথবা আবেদনে ভুল তথ্য প্রদান করলে সিআইপি (এনআরবি) হিসেবে নির্বাচিত হওয়ার অযোগ্য বলে বিবেচিত হবেন।

ঘ. ২০১৩-১৪ অর্থ বছরে প্রদেয় আয়কর এর সনদপত্র অবশ্যই সংযুক্ত থাকতে হবে।

ঙ. আবেদনের নির্ধারিত ফরম প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.probashi.gov.bd এবং জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ওয়েবসাইট www.bmet.org.bd হতে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

চ. আগামী ৩১ আগস্ট, ২০১৪ এর মধ্যে আবেদনপত্র সংশ্লিষ্ট বাংলাদেশ দূতাবাস/মিশনে দাখিল করতে হবে। যে সকল দেশে বাংলাদেশ দূতাবাস/মিশন নেই, সে সকল দেশের জন্য এক্রিডেশনপ্রাপ্ত মিশনে আবেদন পত্র দাখিল করতে হবে। এ মন্ত্রণালয়ে সরাসরি দাখিলকৃত/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র কোনক্রমেই বিবেচনা করা হবে না।



(কালাদ্দীন সরকার)

সহকারী সচিব

ফোনঃ-৯৩৫৭১১৮

e-mail: welfare6@probashi.gov.bd